

২০২১

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বৈষ্ণব পদাবলীতে মাথুর বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত একটি পদ অবলম্বনে উক্ত পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও। ৪+১+১০

অথবা,

- (খ) “মন্দির বাহির কঠিন কপাট” — পদটি বৈষ্ণব পদাবলীর কোন পর্যায়ের অন্তর্গত? পদটির পদকর্তা কে? উদ্ধৃত পর্যায়টির সংজ্ঞা লেখো। পদটির মর্মার্থ বিশ্লেষণ করে রচয়িতার কবিকৃতির মূল্যায়ন করো। ১+১+৩+১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “অভিনব হেম কল্পতরু সঞ্চরু  
সুরধুনী-তীরে উজোর ॥”  
কোন পর্যায়ের পদ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
- (খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার  
তিলে তিলে আইসে যায়।  
মন উচাটন নিশ্বাস সঘন  
কদম্ব কাননে চায় ॥”  
কোন পর্যায়ের পদ? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
- (গ) “বহুদিন পরে বঁধুয়া এলে।  
দেখা না হইত পরাণ গেলে ॥  
এতেক সহিল অবলা ব’লে।  
কাটিয়া যাইত পাষণ হ’লে ॥”  
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- (ঘ) “কোন্ বিধি সিরজিল সোতের শেঁওলি।  
এমন ব্যাথিত নাই ডাকি বন্ধু বলি ॥’  
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

Please Turn Over

- ৩। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৫
- অথবা,*
- (খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গে অবলম্বনে সীতা চরিত্রের পরিচয় দাও। ১৫
- ৪। *যে-কোনো দুটি* অংশের প্রসঙ্গসহ তাৎপর্য লেখো। ৫×২
- (ক) “...সমূলে নির্মূল  
করিব পামরে আজি। ...”
- (খ) “কে কবে শুনেছে, সখি কহ হেন কথা?  
রাজার নন্দিনী আমি রাজকুলবধু  
তবু বদ্ধ কারাগারে।”
- (গ) “কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে  
প্রচেতঃ, হা ধিক, ওহে জলধিপতি!  
এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য অজেয়  
তুমি?”
- (ঘ) “...আহা মরি, সুবর্ণ-দেউটি  
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি  
দশ দিশ!”
- ৫। (ক) ‘প্রথম পূজা’ কবিতাটির মর্মকথা নিজের ভাষায় লেখো। প্রসঙ্গত ধর্ম সম্পর্কে কবির ধারণার পরিচয় দাও। ৮+৭
- অথবা,*
- (খ) ‘পুনশ্চ’ কাব্যের ‘বাঁশি’ কবিতার হরিপদ কেরানি চরিত্রের যে ট্রাজিক রূপটি চিত্রায়িত হয়েছে, তা নিজের ভাষায় লেখো। ১৫
- ৬। (ক) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ১৫
- অথবা,*
- (খ) ‘আমার ভারতবর্ষ’ কবিতায় কবির স্বদেশপ্রেম কীভাবে প্রকাশিত হয়েছে দেখাও। ১৫
- ৭। (ক) উদাহরণসহ মিশ্রবৃত্ত/তানপ্রধান/অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য ও স্বরূপ আলোচনা করো। ১২
- অথবা,*
- (খ) উদাহরণসহ *যে-কোনো তিনটি* র পরিচয় দাও। ৪×৩  
কলা, পর্ব, দল, লয়, রীতি।

- ৮। ছন্দোলিপি রচনা করো (যে-কোনো দুটি)।  
(পর্ব, পদ, পঙ্ক্তি, লয়, রীতি ও মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)
- (ক) মন্দির বাহির কঠিন কপাট।  
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।
- (খ) মা নিম্ন খাওয়ালে চিনি বলে কথায় করে ছল  
ওমা মিঠার লোভে, তিতমুখে সারা দিনটা গেল।
- (গ) কেরোসিনের শিখা বলে মাটির প্রদীপে  
ভাই বলে ডাক যদি গলা দেব টিপে  
হেন কালে গগনেতে উঠিলেন চাঁদা  
কেরোসিন বলে উঠে এস মোর দাদা।
- (ঘ) রাত নির্জন পথে কত ভয় তবুও রানার ছোট  
দস্যুর ভয় তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে।
-